ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩১৯৪

আগরতলা, ১৩ অক্টোবর,২০২৫

**সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মবার্ষিকী উপলক্ষ্যে দেশব্যাপী পদযাত্রার আয়োজন**

ভারতের লৌহমানব সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে দেশব্যাপী সর্দার @১৫০ ইউনিটি মার্চ ('SARDAR@150 Unity March') শীর্ষক পদযাত্রার আয়োজন করা হবে। কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের 'মাই ভারতের' উদ্যোগে ৩১ অক্টোবর থেকে ২৫ নভেম্বর পর্যন্ত রাজ্য স্তরে এবং ২৬ নভেম্বর থেকে ৬ ডিসেম্বর পর্যন্ত জাতীয় স্তরে এই পদযাত্রা অনুষ্ঠিত হবে। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিঙ্কু রায়।

সাংবাদিক সম্মেলনে ক্রীড়ামন্ত্রী জানান, যুব সমাজের মধ্যে ঐক্য, দেশপ্রেম ও নাগরিক দায়িত্ববোধ জাগিয়ে তোলাই এই পদযাত্রার মূল লক্ষ্য। গত ৬ অক্টোবর কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী ড. মনসুখ মান্ডবিয়া 'মাই ভারত' ডিজিটাল পোর্টালের এই কর্মসূচির প্রচারাভিযানের সূচনা করেন। এতে সোশ্যাল মিডিয়ায় রিল প্রতিযোগিতা, প্রবন্ধ লেখার প্রতিযোগিতা এবং সর্দার @১৫০ ইয়ং লিডার্স প্রোগ্রাম (SARDAR@ 150 Young Leaders Programme) অন্তর্ভুক্ত রয়েছে। এই কর্মসূচিতে ১৫০জন বিজয়ী জাতীয় পদযাত্রায় অংশগ্রহণ করবেন। এই জাতীয় পদযাত্রা ২৬ নভেম্বর সর্দার বল্লভ ভাই প্যাটেলের জন্মস্থান কারমসদ থেকে শুরু হবে। শেষ হবে ৬ ডিসেম্বর কেভারিয়াস্থিত স্ট্যাচু অব ইউনিটিতে। এই পদযাত্রায় মোট ১৫০ কিলোমিটার পথ অতিক্রম করা হবে। এই সময় যাত্রাপথের বিভিন্ন গ্রামে সামাজিক কাজের পাশপাশি ১৫০টি স্থানে সাংস্কৃতিক অনুষ্ঠান, প্রদর্শনী, আলোচনাসভা অনুষ্ঠিত হবে।

ক্রীড়ামন্ত্রী আরও জানান, রাজ্যস্তরে এই পদযাত্রা ৩১ অক্টোবর থেকে শুরু হয়ে ২৫ নভেম্বর পর্যন্ত চলবে। এই সময় প্রতিটি জেলায় ৮-১০ কিলোমিটার দীর্ঘ পদযাত্রা অনুষ্ঠিত হবে। এছাড়াও বিভিন্ন বিদ্যালয়, কলেজে সেমিনার, ক্যুইজ অনুষ্ঠিত হবে। স্বদেশী মেলা, স্বচ্ছ ভারত অভিযান, নেশামুক্ত ভারত ও ভারত নির্মাণের শপথ গ্রহণও আয়োজিত হবে। পদযাত্রার সময় সর্দার বল্লভভাই প্যাটেলের মূর্তি বা প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ, সাংস্কৃতিক অনুষ্ঠান, সনদ বিতরণ করা হবে।

এই কর্মসূচি আয়োজনে শিক্ষা দপ্তর, বন দপ্তর, তথ্য ও সংস্কৃতি দপ্তর, আরক্ষা দপ্তর সহ বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন, ক্লাব, এন.এস.এস., এন.সি.সি. থাকবে। সাংবাদিক সম্মেলনে ক্রীড়ামন্ত্রী সমাজের সর্বস্তরের মানুষকে এই পদযাত্রায় অংশগ্রহণ করার জন্য আহ্বান জানান।

সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সচিব ড. পি. কে. চক্রবর্তী, অধিকর্তা এল. ডার্লং, যুব বিকাশ কেন্দ্রের অধিকর্তা বিমল পাঠক শাহ ও মহারাণী তুলসীবতী ওয়েলফেয়ার ট্রাস্টের সভাপতি বিপিন দেববর্মা।

*****